বেড়ায় ভয়াবহ অগ্নিকান্ডে ৩০টি দোকান পুড়ে ছাই

আরিফ খান, বেড়া, পাবনাঃ পাবনা বেড়ায় ভয়াবহ অগ্নিকান্ডে ৩০টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। এতে প্রায় দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ক্ষতিগ্রস্থরা।

শুক্রবার (১৩ নভেম্বর) রাত সাড়ে আটটার দিকে উপজেলার হাটুরিয়া- নাকালিয়া ইউনিয়নের নাকালিয়া বাজারে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

বৈদ্যুতিক গোলযোগ থেকে আগুনের সূত্রপাত হয় বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

শুক্রবার রাতে নাকালিয়া বাজারের আবু বক্কারের কীটনাশকের দোকান থেকে আগুনের সূত্রপাত হয় বলে জানিয়েছেন এলাকাবাসী । পরে মুহুর্তেই আগুন ছড়িয়ে পড়ে।

খবর পেয়ে প্রথমে বেড়া ও পরে কাশিনাথপুর এবং সাঁথিয়ার মোট তিনটি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীসহ স্থানীয়দের সহায়তায় প্রায় তিন ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন।

ততক্ষণে ১০ থেকে ১২ টি ঘরের প্রায় ৩০ টি দোকান পুড়ে ছাই হয়ে যায়।

স্থানীয়রা জানান, ভয়াবহ এ অগ্নিকান্ডে আইয়ুব আলী ব্যাপারী, আব্দুল হামিদ, কামরুজ্জামান সরকার, রফিকুল ইসলাম, নিয়ামত উল্লাহ, কাজল হাওলাদার, বিশ্বনাথ কুন্ডু, আব্দুল হালিম, কাঞ্চন কুন্ডু,

আব্দুল মালেক মেম্বর, আবু সাঈদ, শফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম, আব্দুল আওয়াল, জাহাঙ্গীর, লিয়াকত আলী, বাবলু, আবু বক্কার, কালু শেখ, সামু ডাক্তার, রাজু আহম্মেদ, উসমান আলী, দিরাজ মোল্লা, মোঃ মমিন, এছাড়াও ক্ষতিগস্থ আরও কয়েক জন দোকানরি নাম পাওয়া যায়নি।

এখানে ঔষুধের দোকান, মুদি দোকান, বাদামের গুদাম, চাউলের দোকান, ভুষির দোকান, কীটনাশকের দোকান, ওয়ার্কশপ, স্বর্ণের দোকান সহ প্রায় ৩০টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে বলে জানায় এলাকাবাসী।

তিন ঘন্টার আগুনে নিঃস্ব হয়ে অনেক ব্যবসায়ী বারবার কান্নায় ভেঙ্গে পড়েন।

দোকান মালিকদের ভাষ্য মতে, নগদ অর্থ ঘরসহ প্রায় দেড় কোটি টাকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে।

বেড়া ফায়ার সার্ভিস ষ্টেশনের সাব অফিসার মো. আব্দুল আউয়াল জানান, ‘আগুন লাগার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে বেড়া ফায়ার সার্ভিসের কর্মীরা সেখানে উপস্থিত হয়। দোকান গুলোতে গ্যাস ট্যাবলেট ও কীটনাশক এবং খৈল ও ভূষি থাকায় আগুন নিয়ন্ত্রণে আনতে সময় লাগে।

ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে। বেড়া সহ কাশিনাথপুর-সাঁথিয়া ফায়ার সার্ভিসের কর্মকর্তা ও স্থানীয়দের সহযোগিতায় প্রায় তিন ঘন্টা সময় চেষ্টা চালিয়ে আগুন নিভাতে সক্ষম হয়।’

এব্যাপারে ইউএনও আসিফ আনাম সিদ্দিকী জানান, ‘উপজেলা প্রশাসন ও দূর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা আগুনে পোড়া বাজার পরিদর্শন করে ক্ষতিগ্রস্থদের তালিকা করা হচ্ছে। ক্ষগ্রিস্থদের সাহায্যের জন্য মাননীয় জেলা প্রশাসকের মাধ্যমে দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে

প্রেরণ করার প্রস্তুতি চলছে।’

উল্লেখ্য ২০১৬ সাল ও ২০১৮ সালে এই নাকালিয়া বাজারে দোকান ভস্মীভূত হয়ে নিঃস্ব হয়েছেন অনেক ব্যবসায়ী।